

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে

চিকিৎসার সকল বিষয়ে উচ্চশিক্ষায় বিশ্বমান নিশ্চিত করা হবে: উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসনের গতিশীল কর্মকাণ্ডের ফলে এ বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা শিক্ষা, চিকিৎসাসেবা ও চিকিৎসা বিষয়ক গবেষণা কার্যক্রম অনেকখানি এগিয়ে গেছে। বর্তমান প্রশাসনের নেতৃত্বে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসার সকল বিষয়ে উচ্চশিক্ষার ক্ষেত্রে বিশ্বমান নিশ্চিত করা হবে। আজ বুধবার ১ নভেম্বর ২০১৭ইং তারিখ সকালে বি লকের ডা. মিল্টন হলে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে 'ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক' শীর্ষক কর্মশালায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। কর্মশালায় টেকনিক্যাল সেশনে প্রধান বক্তা ছিলেন আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ডা. মোঃ শফিকুল ইসলাম। সূচনা বক্তব্য রাখেন আইকিউএসি-এর সদস্য সচিব ডা. হরষিত কুমার পাল। অত্যন্ত গুরুত্বপূর্ণ এ কর্মশালায় দেশে বিদ্যমান উচ্চ শিক্ষায় বিভিন্ন ডিগ্রী অর্জনের ধরণ, সময়সীমা, চিকিৎসা শিক্ষায় উচ্চ শিক্ষা অর্জনের ধরণ, সময়সীমা, গুণগত মানের সাথে সাথে বিশ্বের বিভিন্ন দেশের চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষায় বিভিন্ন ডিগ্রী অর্জনের প্রাসঙ্গিক বিষয়সমূহ নিয়ে আলোচনা করা হয়। কর্মশালায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান প্রমুখসহ বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, অধ্যাপকবৃন্দ উপস্থিত ছিলেন।

